

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৩৪৫

তারিখ: ২৪ চৈত্র ১৪২৮

০৭ এপ্রিল ২০২২

বিষয়: চট্টগ্রাম বিভাগে বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য ডিআরটিসি/আইআরটিসির মাধ্যমে মোট ৫৭৫০ মে.টন আমদানিকৃত সিদ্ধ চালের চলাচল সূচি জারির পূর্বানুমোদন প্রদান

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ০৫/০৪/২০২২ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.২১০.৫১.০০২.২১.১১০৩ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বিভাগে মজুতকৃত বোরো'২১ সিদ্ধ চাল বিলি-বিতরণের মাধ্যমে নিষ্পত্তি কার্যক্রম চলমান রয়েছে। চট্টগ্রাম বিভাগের কিছু কিছু এলএসডিতে বোরো'২১ সিদ্ধ চালের মজুত না থাকায়/চাহিদা মারফিক পর্যাপ্ত মজুত না থাকায় জরুরি বিতরণ চাহিদা পূরণকল্পে এ সকল এলএসডিতে আমদানিকৃত সিদ্ধ চাল বিতরণের অনুমতি প্রদান করা আবশ্যিক। বিভিন্ন এলএসডি/সিএসডিতে মজুত আমদানিকৃত সিদ্ধ চাল বিলি-বিতরণের অনুমতিসহ নিম্নোক্তভাবে আমদানিকৃত সিদ্ধ চালের চলাচল সূচি জারির অনুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর প্রস্তাবমতে চট্টগ্রাম বিভাগের কুমিল্লা, লক্ষ্মীপুর, নোয়াখালী, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান জেলার কতিপয় এলএসডিতে বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য চট্টগ্রাম জেলার হালিশহর সিএসডি হতে ২৮৫০ মে.টন ও দেওয়ানহাট সিএসডি হতে ২৯০০ মে.টনসহ মোট ৫৭৫০ মে.টন আমদানিকৃত সিদ্ধ চাল ডিআরটিসি/আইআরটিসির মাধ্যমে সূচি জারির প্রস্তাবের অনুমোদন নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

সারণি-১ : চট্টগ্রাম বিভাগে আমদানিকৃত সিদ্ধ চালের চলাচল সূচির অনুমোদন

ক্র.নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	চট্টগ্রাম	হালিশহর সিএসডি	কুমিল্লা	দৌলতগঞ্জ এলএসডি	৬০০	আমদানিকৃত সিদ্ধ চাল	সড়ক পথ	
২.	ঐ	ঐ	ঐ	নাঙ্গলকোট এলএসডি	২০০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	ঐ	হোমনা এলএসডি	৩০০	ঐ	ঐ	
৪.	ঐ	ঐ	লক্ষ্মীপুর	রায়পুর এলএসডি	২০০	ঐ	ঐ	
৫.	ঐ	ঐ	ঐ	রামগঞ্জ এলএসডি	২০০	ঐ	ঐ	
৬.	ঐ	ঐ	ঐ	চরআলেকজান্ডার এলএসডি	৬০০	ঐ	ঐ	
৭.	ঐ	ঐ	নোয়াখালী	সোনাপুর এলএসডি	৩০০	ঐ	ঐ	

৮.	ঐ	ঐ	কক্সবাজার	কক্সবাজার এলএসডি	১০০	ঐ	ঐ	
৯.	ঐ	ঐ	ঐ	রামু এলএসডি	১০০	ঐ	ঐ	
১০.	ঐ	ঐ	খাগড়াছড়ি	খাগড়াছড়ি এলএসডি	১০০	ঐ	ঐ	
১১.	ঐ	ঐ	বান্দরবান	আলিকদম এলএসডি	১০০	ঐ	ঐ	
১২.	ঐ	ঐ	ঐ	আজিজনগর এলএসডি	৫০	ঐ	ঐ	
				মোট =	২৮৫০			
১৩.	চট্টগ্রাম	দেওয়ানহাট সিএসডি	কুমিল্লা	চকবাজার এলএসডি	৩০০	আমদানিকৃত সিদ্ধ চাল	সড়ক পথ	
১৪.	ঐ	ঐ	ঐ	দৌলতগঞ্জ এলএসডি	৫০০	ঐ	ঐ	
১৫.	ঐ	ঐ	ঐ	নাঙ্গলকোট এলএসডি	২০০	ঐ	ঐ	
১৬.	ঐ	ঐ	ঐ	হোমনা এলএসডি	৪০০	ঐ	ঐ	
১৭.	ঐ	ঐ	লক্ষ্মীপুর	রামগঞ্জ এলএসডি	১০০	ঐ	ঐ	
১৮.	ঐ	ঐ	ঐ	চরআলেকজান্ডার এলএসডি	৬০০	ঐ	ঐ	
১৯.	ঐ	ঐ	ঐ	হাজিরহাট এলএসডি	৩০০	ঐ	ঐ	
২০.	ঐ	ঐ	নোয়াখালী	সোনাপুর এলএসডি	২০০	ঐ	ঐ	
২১.	ঐ	ঐ	কক্সবাজার	রামু এলএসডি	২০০	ঐ	ঐ	
২২.	ঐ	ঐ	বান্দরবান	বান্দরবান এলএসডি	১০০	ঐ	ঐ	
				মোট =	২৯০০			
				সর্বমোট =	৫৭৫০			

নির্দেশনাসমূহ:

(১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;

(২) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে;

(৩) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারক ও ২৯/১১/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১২২৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে;

(৪) এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ

মিলার কর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্টেম্পিলের স্পষ্ট ছাপ দেওয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে;

(৫) এই পূর্বানুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১০-৪-২০২২

মোঃ ফজলে রাক্বী হায়দার

উপ-পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.৩৪৫/১(১২)

তারিখ: ২৪ চৈত্র ১৪২৮

০৭ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, কক্সবাজার, চট্টগ্রাম
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, খাগড়াছড়ি, চট্টগ্রাম
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান, চট্টগ্রাম
- ১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নোয়াখালী, চট্টগ্রাম
- ১১) জেলা খাদ্য নিয়ন্ত্রক, লক্ষ্মীপুর, চট্টগ্রাম
- ১২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা, চট্টগ্রাম



১০-৪-২০২২

মোঃ ফজলে রাক্বী হায়দার

উপ-পরিচালক